

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর  
উদ্ভাবনী “নিয়মিত পার্টির একই ধরনের পণ্যের স্ট্যান্ডার্ডাইজেশন করণ”

Success Story

১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নামঃ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), খুলনা।
২. সংক্ষিপ্ত শিরোনামঃ নিয়মিত পার্টির একই ধরনের পণ্যের স্ট্যান্ডার্ডাইজেশন করণ।
৩. সমস্যা কি ছিলঃ নির্দিষ্ট কিছু পার্টির নির্দিষ্ট কিছু পণ্য প্রতিবারই উৎপাদন করতে হয়। অধিকাংশ ক্ষেত্রেই পার্টির কাছে ড্রয়িং পাওয়া যায় না বিধায় নমুনা সংগ্রহ করে, তা চেক করে কখনো বা পুনরায় ডিজাইন/ড্রইং করে উৎপাদন পরিকল্পনা সাজাতে হয়; এতে একটি উল্লেখযোগ্য সময় ব্যয় হয়। কিন্তু দেখা যায় কিছু নমুনা যথা সময়ে পাওয়া যায় না; এমনকি অনেক সময় ভুল নমুনা সরবরাহ করা হয়। এতে একদিকে যেমন সময় অপচয় হয় অন্যদিকে কৌচামাল সংগ্রহ সহ পুরো উৎপাদন পরিকল্পনা বাঁধাগ্রস্ত হয়। অধিকন্তু, কিছু কিছু কারখানা অনেক পুরাতন নমুনা সরবরাহ করে, যার মধ্যে কিছু ডিজাইন আছে যা এখন আর প্রচলিত নয়। এই সকল ক্ষেত্রে পার্টির সাথে বারবার বিভিন্ন পর্যায়ে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করতে হয়, যা উৎপাদন প্রক্রিয়াকে আরও পিছিয়ে দেয়।
৪. কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছেঃ প্রাথমিকভাবে নিয়মিত পার্টির একই ধরনের পণ্যের একটি তালিকা প্রস্তুত করা হয়। লোকাল সার্ভার এর পরিবর্তে অফিসের দুটি কম্পিউটার এ অফলাইন ডাটাবেজ তৈরি করা হয়। তালিকা অনুযায়ী যেই জব সমূহ আসে তার ড্রয়িং করে পার্টির কাছে পাঠানো হয়। তারা তা অনুমোদন করলে ডাটাবেজে সংরক্ষণ করা হয়। পরবর্তীতে ডাটাবেজে সংরক্ষিত জবের ক্ষেত্রে নমুনার অপেক্ষা না করে কাজ শুরু করা হয়। এতে ব্যবহারকারী ও উৎপাদনকারী উভয়েরই যোগাযোগ এবং প্রতিনিধি প্রেরণ বিষয়ে সময় ও অর্থের অপচয় হ্রাস পেয়েছে।
৫. সমস্যা সমাধানে উদ্ভাবন কি ছিলঃ অফলাইন ডাটাবেজ তৈরি করণ এবং পার্টির কাছে অনুমোদন সংগ্রহ করণ।
৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কি ছিলঃ জটিল নয় এমন কাজের জন্যেও বারবার যোগাযোগ করতে হত এমনকি প্রতিনিধি আসতে হত।
৭. জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখছেঃ ব্যবহারকারী ও উৎপাদনকারী উভয়েরই সময় ও অর্থের অপচয় কমে আসার পাশাপাশি সামগ্রিক ভোগান্তি হ্রাস পেয়েছে।
৮. উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছেঃ একই ধরনের পণ্যের স্ট্যান্ডার্ডাইজেশন করা গেলে অনেকক্ষেত্রেই বিদ্যমান সুযোগ-সুবিধার মধ্যে উৎপাদন ব্যবস্থার প্রাথমিক কালক্ষেপণ রোধ করাসহ সময় ও অর্থ সাশ্রয় করা সম্ভব।
৯. উদ্ভাবনটির রেল্লিকেশন/স্কেল-আপ বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছেঃ প্রক্রিয়াটির সুবিধা পাওয়া শুরু হয়েছে এবং এর রেল্লিকেশন/স্কেল-আপ বাস্তবায়ন যোগ্য।

স্বাক্ষরঃ

  
20.09.21

নাম ও পদবীঃ রায়হান রুশদী, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/পিসিডি/আইইডি), বিটাক, খুলনা